# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যের ৫টি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের ৪টি আসনের মনোনয়নপত্রের পরীক্ষা আজ সম্পন্ন/ ধলাই সংরক্ষিত আসনের নির্দল প্রার্থী অমিয় কান্তি দাসের মনোনয়ন পত্র প্রত্যাহার/ সামগুরি বিধানসভা আসনের মনোনয়নপত্র পরীক্ষা আগামীকাল বেলা ১১টা পর্যন্ত স্থগিত ।

২) কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রনালয় এবং বিভাগে নতুন ভাবে বাছাই করা ৫১ হাজারের অধিক প্রার্থীকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে নিযুক্তিপত্র বিতরণ ।

৩) সমগ্র দেশে আজ থেকে জন জীবনে সততা এবং দূর্ণীতিমুক্ত সমাজ গড়তে সতর্কতা সচেতনতা সপ্তাহ - ২০২৪ কার্যসূচি আরম্ভ ।

এবং

৪) সর্দার বল্লবভাই প্যাটেলের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে আয়োজন করা একতা দৌর কার্যসূচি ৩১ অক্টোবরের পরিবর্তে আগামীকাল ।

---

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে উপ-নির্বাচনের আগামী ১৩ই নভেম্বর অনুষ্ঠেয় ভোটগ্রহণ পর্বের আজ মনোনয়ন পত্র পরীক্ষার সময়ে চারটি বিধানসভা আসনের মনোনয়ন পত্র পরীক্ষা সম্পন্ন হয়েছে । ধলাই (সংরক্ষিত) আসন সহ বিহালী,

কাজিরাঙ্গা ও সিডলি আসনের মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা হয়ে গেছে। শুধুমাত্র সামগুড়ি বিধানসভা কেন্দ্রের মনোনয়ন পত্রগুলির পরীক্ষা আগামীকাল বেলা এগারোটা পর্যন্ত স্থগিত রাখা হয়েছে । এদিকে ধলাই আসনের নির্দল প্রার্থী অমিয় কান্তি দাস আজ তার মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছেন । রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়াকে সঙ্গে নিয়ে আজ তিনি ধলাইয়ের নির্বাচনী রিটার্নিং অফিসারের কাছে গিয়ে তার মনোনয়ন পত্র প্রত্যাহার করে নেন । এর পরিপ্রেক্ষিতে বর্তমানে এই আসনে আটজন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রইলেন । তবে আগামী ৩০শে অক্টোবর মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে এই আসনের প্রার্থীদের পূর্ণাঙ্গ চিত্র স্পষ্ট হবে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন ভাবে বাছাই করা ৫১ হাজারের অধিক প্রার্থীকে ভি-ডি-ও কনফারেন্সের মাধ্যমে নিযুক্তি পত্র বিতরণ করবেন । দেশের ৪০টি স্থানে আয়োজিত রোজগার মেলার মাধ্যমে আগামীকাল কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রনালয় এবং বিভাগে এই প্রার্থীদের নিযুক্ত করা হবে । এই রোজগার মেলাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নিয়োগ সৃষ্টির অগ্রাধিকারের দায়বদ্ধতাকে প্রতিফলিত করে । এ ধরণের মেলা দেশের যুব প্রজন্মকে রাষ্ট্র নির্মানে উৎসাহিত করবে বলেও শ্রী মোদী আশা প্রকাশ করেছেন । নতুন ভাবে নিযুক্তিপত্র প্রদান করা প্রার্থীরা iGOT কর্মযোগী অন-লাইন পোর্টালের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন বলেও জানানো হয়েছে । দেশের যুব প্রজন্ম বিকশিত ভারত নির্মানের ক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা এবং নিযুক্তির সুবিধা লাভ করার জন্য ১ হাজার ৪শোর অধিক ই-শিক্ষণ পাঠ্যক্রম এই কর্মযোগী পোর্টালের মাধ্যমে গ্রহণ করতে পারবে ।

এই উপলক্ষে গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল প্রেক্ষাগৃহে আগামীকাল সকাল সাড়ে ১০টা থেকে রোজগার মেলার আয়োজন করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে অংশ গ্রহণ করা এই মেলায় কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ নতুন দিল্লীতে জাতীয় দূর্যোগ মোকাবিলা বাহিনীর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে যুব আপদা মিত্র নামে একটি নতুন প্রকল্প ঘোষণা করেছেন । এই প্রকল্পের অধীনে ২ লক্ষ ৩৭ হাজারের অধিক এন-সি-সি, নেহেরু যুবকেন্দ্র সংগঠন, এন-এস-এস এবং ভারত স্কাউটস এন্ড গাইডস-এর স্বেচ্ছা সেবকদের প্রশিক্ষণ প্রদান করা হবে । এই সব স্বেচ্ছা সেবকদের দূর্যোগ মোকাবিলার বিভিন্ন নীতি-নিয়ম সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে । এই উপলক্ষে আয়োজিত

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে শ্রী মোহন বলেন যে মোট প্রশিক্ষনার্থীর ৫০ শতাংশই মহিলা থাকবেন । তিনি বলেন যে যুব আপদা মিত্র প্রকল্পের অধীনে প্রশিক্ষন প্রাপ্ত স্বেচ্ছা সেবকরা দূর্যোগ মোকাবিলায় সমাজের প্রথম সারির কর্মী হিসেবে কাজ করবেন ।

-------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা, খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের মন্ত্রী প্রহ্লাদ যোশী সরকার ধান মাড়াই কলে উৎপাদিত সব ধরণের সামগ্রী ক্রয় করতে প্রতিশ্রুতিবদ্ধ বলে কৃষকদের আশ্বাস দিয়েছেন । নতুন দিল্লীতে আজ ধান মাড়াই কলের স্বত্বাধিকারীদের জন্য ভারতীয় খাদ্য নিগমের অভিযোগ নিরাময় ব্যবস্থার একটি পোর্টালের সূচনা করে কেন্দ্রীয় মন্ত্রী এ কথা বলেন । তিনি বলেন যে পঞ্জীয়ন প্রক্রিয়া থেকে শুরু করে চূড়ান্ত প্রক্রিয়া এখন থেকে অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে । শ্রী যোশী কৃষকদের প্রত্যেকটি অভিযোগ স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে সমাধান করা হবে বলেও প্রতিশ্রুতি দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর ,জাহাজ ও জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ গৌহাটীতে নির্মীয়মান পান্ডু বন্দর পরিদর্শন করেন ।মন্ত্রী উত্তর-পূর্বাঞ্চলের জলপথ ও জাহাজ পরিবহন খন্ডকে সুসজ্জিত করার জন্য নির্মীয়মান উত্তর-পূর্বাঞ্চলের প্রথম জাহাজ মেরামত কেন্দ্র পরিদর্শন করেন ।তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গুরুত্ব সহকারে এবং সুষ্ঠুভাবে এর নির্মাণ কাজ সম্পূর্ণ করার নির্দেশ দেন । এছাড়াও কেন্দ্রীয় মন্ত্রী পান্ডু বন্দর এবং ২৭ নম্বর জাতীয় সড়ক সংযোগকারী পথটি নির্মাণের অগ্রগতির খোঁজ নেন ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ থেকে জন জীবনে সততা এবং একটি দূর্নীতিমুক্ত সমাজের জন্য সতর্কতা সচেতনতা সপ্তাহ - ২০২৪ পালন করা হচ্ছে । এই সপ্তাহের মূল বিষয়বস্তু হচ্ছে দেশের সমৃদ্ধির জন্য সাংস্কৃতিক সমন্বয় । গণ প্রশাসন এবং সরকারী কাজকর্মের স্বচ্ছতা ও নীতি প্রয়োজনীয়তার জন্য এই সপ্তাহ পালন করা হচ্ছে । এই সপ্তাহে বিভিন্ন মন্ত্রনালয়, বিভাগ, সরকারী প্রতিষ্ঠান, ব্যাঙ্ক এবং বিভিন্ন সংস্থার আধিকারিক-কর্মচারীরা শপথ গ্রহণ করবেন । দূর্নীতির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির জন্য সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যসূচি অনুষ্ঠিত হবে । ভারতরত্ন সর্দার বল্লবভাই প্যাটেলের জন্ম জয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে প্রতিবছর এই সপ্তাহ পালন করা হয় । আকাশবাণীর সঞ্চালক প্রধান ডক্টর প্রজ্ঞা পালিয়াল গৌড় আজ নতুন দিল্লীর আকাশবাণী ভবণে এই সপ্তাহ উপলক্ষে আধিকারিক-কর্মচারীদের একতার শপথবাক্য পাঠ করান ।

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ থেকে সতর্কতা-সচেতনতা সপ্তাহ পালন করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

সর্দার বল্লবভাই প্যাটেলার জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে আয়োজন করা একতা দৌর ৩১ অক্টোবরের পরিবর্তে আগামীকাল অনুষ্ঠিত হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ কথা ঘোষণা করে বলেন যে এবার ৩১ অক্টোবর সর্দার প্যাটেলের জন্মবার্ষিকী দীপাবলী উৎসবের সঙ্গে একই সময়ে হওয়ায় একতা দৌর কার্যসূচি আগামীকাল পালন করা হবে । প্রধানমন্ত্রী দেশবাসীকে দলে দলে এই কার্যসূচিতে অংশ গ্রহণ করে ভারতের ঐক্যের মন্ত্র সহ সুস্বাস্থ্যের মন্ত্র সবার মধ্যে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান । তবে, লৌহমানবের শ্রদ্ধাঞ্জলী এবং জাতীয় একতা দিবসের শপথ গ্রহণ কার্যসূচি প্রতিবছরের মত ৩১ অক্টোবরই অনুষ্ঠিত হবে বলে তিনি জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামীকাল হাইলাকান্দিতে রান ফর ইউনিটি অর্থাৎ একতা দৌড়ের আয়োজন করা হয়েছে । আগামীকাল সকাল ৮ টায় জেলা আয়ুক্তের কার্যালয় থেকে এই দৌড় শুরু হবে । জনসাধারণকে একতা দৌড়ে অংশ নিতে জেলা প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে । এদিকে জেলার সবকটি উন্নয়ন খন্ডের হেড কোয়ার্টার ,শিক্ষা প্রতিষ্ঠান এবং লালা পুরসভার উদ্যোগেও আগামীকাল লালাবাজারে একতা দৌড়ের আয়োজন করা হয়েছে । উল্লেখ্য আগামী ৩১ শে অক্টোবর সর্দার বল্লভভাই প্যাটেলের জন্ম দিবসে কালীপূজোর ছুটি থাকায় এবছরের কার্যসূচী দুইদিন আগে এগিয়ে নিয়ে আসা হয়েছে । এদিকে সরকারের সিদ্ধান্ত অনুসারে সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দুবছরব্যাপী সমগ্র দেশে বিভিন্ন কার্যসূচী অনুষ্ঠিত হবে । এর অঙ্গ হিসেবে আগামীকাল থেকে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হবে এবং আগামী বৃহস্পতিবার জাতীয় একতার শপথ গ্রহণ করা সহ লৌহ মানব সর্দার বল্লভভাই প্যাটেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে ।

-----------------------------------------------------------------------------------

বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার বেসরকারীকরণের প্রয়াস হিসেবে সমগ্র দেশে বিদ্যুৎ গ্রাহকদের ঘরে জোর করে প্রিপেড স্মার্ট মিটার বসানো হচ্ছে বলে অভিযোগ করে এর প্রতিবাদে আজ গুয়াহাটির জেলা গ্রন্থাগার ভবনে দেশের পূর্বাঞ্চলীয় গ্রাহকদের এক অভিবর্তন অনুষ্ঠিত হয়েছে । সারা আসাম বিদ্যুৎ গ্রাহক সংস্থা (এ এ ই সি এ)'র উদ্যোগে আয়োজিত এই অভিবর্তনে সংগঠনটির সর্বভারতীয় কমিটির সভাপতি স্বপন ঘোষ, আয়োজক সংগঠনের উপদেষ্টা বিমল দাস, এর অন্যতম আহ্বায়ক হিল্লোল ভট্টাচার্য, বরাক উপত্যকার ইয়ুথ এগেনস্ট সোশ্যাল ইভিল্‌স'এর সঞ্জীব রাই সহ পূর্বাঞ্চলের

রাজ্যগুলির এই বিষয়ক সংগঠনের বিভিন্ন নেতৃবর্গ উপস্থিত ছিলেন । এতে সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি শ্রী ঘোষ স্বাধীনতার পরবর্তী সময় থেকে বিদ্যুৎ আইন প্রস্তুত এবং এর পরিবর্তনের বিষয়ে উল্লেখ করে বর্তমানে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থার ৫০ শতাংশেরও বেশি কর্পোরেটদের নিয়ন্ত্রণে যাওয়ায় বিদ্যুতের মাশুল বাড়ছে বলে অভিযোগ করেন। এই অভিবর্তনে গৃহীত প্রস্তাবগুলির মধ্যে রয়েছে- পূর্বাঞ্চলের রাজ্যগুলির গ্রাহকরা নিজ নিজ সরকারকে প্রিপেড স্মার্ট মিটার না বসানোর আবেদন করা, যাদের ঘরে স্মার্ট মিটার বসানো হয়েছে, সেসব পরিবর্তন করে পুরনো ডিজিট্যাল মিটার বসানো, প্রতিটি এলাকায় এসংক্রান্ত প্রতিরোধ কমিটি গঠন আগামী মার্চ মাসে সংসদ ঘেরাও কার্যসূচী ইত্যাদি ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় সরকারের তরফ থেকে ধান সংগ্রহ করার জন্য আগামী পয়লা নভেম্বর থেকে রেজিস্ট্রেশন আরম্ভ হবে । আজ হাইলাকান্দিতে জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয় । জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম এই সভার পৌরহিত্য করে জানান যে- সরকারীভাবে ধান সংগ্রহের সময়ে বাধাদানকারী মধ্যভোগীদের বিরুদ্ধে মানি লন্ডারিংয়ের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে । সভায় জানানো হয় যে- এবার হাইলাকান্দি জেলা থেকে সাত হাজার মেট্রিকটন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে । এরজন্য জেলায় তিনটি ধান সংগ্রহ কেন্দ্র খোলা হবে । এই কেন্দ্রগুলি হল-- কাটলিছড়া, লালাবাজার এবং বোয়ালিপার । এই কেন্দ্রগুলি মারফত সরকার নির্ধারিত মূল্য কুইন্টাল প্রতি দুহাজার ৩০০ টাকায় ধান ক্রয় করা হবে । সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী পয়লা নভেম্বর থেকে হাইলাকান্দির জেলা কৃষি বিভাগের কার্যালয়গুলিতে এই রেজিস্ট্রেশন ফর্ম পাওয়া যাবে । পাশাপাশি জেলার কৃষি সম্প্রসারণ কর্মীদের কাছেও এই ফর্ম পাওয়া যাবে । এছাড়া http://opps.assam.gov.in এ পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------